

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সাতক্ষীরা
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ ইফতেখার হোসেন জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১২ আগস্ট ২০১৮
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সাতক্ষীরা
উপস্থিতি	উপস্থিত সদস্যদের তালিকা পৃথক রেজিস্টারে সংরক্ষিত

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ০৮ জুলাই ২০১৮ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতভাবে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর জেলার সর্বত্র শান্তি শৃংখলা বজায় রাখার লক্ষ্যে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, বিভিন্ন সামাজিক সংগঠন, যেমন; ধর্মীয় নেতৃবৃন্দ, ইমাম, পুরোহিত, ব্যবসায়ী সমিতি, শিল্প ও বণিক সমিতি, বিভিন্ন পেশাজীবী সংগঠন, সাংস্কৃতিক সংগঠন, যুব ও মহিলা সমিতি, ক্রীড়া সংস্থা, শিক্ষক সমিতি ইত্যাদির সমন্বয়ে গঠিত জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির উপস্থিত সদস্যগণকে সুনির্দিষ্ট প্রস্তাবসহ মতামত প্রকাশের জন্য অনুরোধ করা হয় এবং উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	ভবিষ্যতে যে কোন ধরনের সামাজিক অস্থিরতা, সহিংসতা এবং স্থিতিশীলতা বিনষ্ট করার অপচেষ্টারোধ এবং শান্তি শৃংখলা বজায় রাখার লক্ষ্যে বিভিন্ন সামাজিক সংগঠন, যেমন; ধর্মীয় নেতৃবৃন্দ, ইমাম, পুরোহিত, ব্যবসায়ী সমিতি, শিল্প ও বণিক সমিতি, বিভিন্ন পেশাজীবী সংগঠন, সাংস্কৃতিক সংগঠন, যুব ও মহিলা সমিতি, ক্রীড়া সংস্থা, শিক্ষক সমিতি ইত্যাদি শ্রেণী পেশার লোকজন নিয়ে আলোচনা সভা, গণসংযোগ গড়ে তোলাসহ জনগণের মধ্যে উল্লেখিত বিষয়ে প্রচার অভিযান পরিচালনা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা
০২.	উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা নিয়মিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা
০৩.	সহিংসতারোধে সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে এবং বিদ্রোহি ছড়ানো ও গুজব রটানো প্রতিরোধ করতে হবে।	সংশ্লিষ্ট (সকল), সাতক্ষীরা
০৪.	এ জেলায় বসবাসকারী ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহপূর্বক তাদের প্রতি সজাগ দৃষ্টি রাখতে হবে।	পুলিশ সুপার, সাতক্ষীরা
০৫.	গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি প্রতিষ্ঠান, অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, মার্কেট, হাসপাতাল, ব্যাংক, পেট্রোল পাম্প, বিদ্যুৎ কেন্দ্র, টেলিভিশন উপকেন্দ্র এবং ধর্মীয় স্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।	পুলিশ সুপার, সাতক্ষীরা
০৬.	সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে অগ্রিম তথ্য সংগ্রহে তৎপর থাকতে হবে এবং প্রাপ্ত যেকোন তথ্য তাৎক্ষণিকভাবে জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ সুপারকে অবহিত করতে হবে।	উপ-পরিচালক, এনএসআই, সাতক্ষীরা
০৭.	ইমামদের মাধ্যমে জুম্মার নামাজের খুতবার পূর্বে এবং ইসলামিক জলসায় সন্ত্রাস বিরোধী ও ইভটিজিং বিরোধী প্রচারণা জোরদার করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা ২। ডিডি, ইসলামিক ফাউন্ডেশন, সাতক্ষীরা
০৮.	জঙ্গীবাদ, সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা দূর করে সমাজ জীবনে সর্বক্ষেত্রে শান্তি শৃংখলা ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে সতর্কতার সংগে কঠোরভাবে দায়িত্ব পালন করতে হবে।	১। পুলিশ সুপার, সাতক্ষীরা ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা ৩। অফিসার ইনচার্জ (সকল), সাতক্ষীরা

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন ও আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ও শুভ জন্মাষ্টমীর শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০১২.২৪.০০১.১৮.২১৩

তারিখ: ৩ ভাদ্র ১৪২৫
১৮ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য (সকল), সাতক্ষীরা
- ২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৫) উপ-মহা পুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, খুলনা
- ৬) পুলিশ সুপার, সাতক্ষীরা
- ৭) অধিনায়ক ৩৩ ও ১৭ বিজিবি
- ৮) অধ্যক্ষ, সাতক্ষীরা সরকারি কলেজ ও সরকারি মহিলা কলেজ
- ৯) সিভিল সার্জন, সাতক্ষীরা
- ১০) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সাতক্ষীরা
- ১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা
- ১২) মেয়র, সাতক্ষীরা (সকল)
- ১৩) অতিরিক্ত পুলিশ সুপার, সাতক্ষীরা সদর সার্কেল ও কালিগঞ্জ সার্কেল, সাতক্ষীরা
- ১৪) সহকারী পুলিশ সুপার, দেবহাটা সার্কেল ও তালা সার্কেল, সাতক্ষীরা
- ১৫) পরিচালক, র্যাব-৬, লবনচোরা, খুলনা
- ১৬) উপ-পরিচালক, এনএসআই, সাতক্ষীরা
- ১৭) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা
- ১৮) উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সাতক্ষীরা
- ১৯) উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সাতক্ষীরা
- ২০) সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সাতক্ষীরা
- ২১) উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সাতক্ষীরা
- ২২) জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ২৩) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সাতক্ষীরা
- ২৪) জেল সুপার, সাতক্ষীরা জেলা কারাগার, সাতক্ষীরা
- ২৫) অফিসার ইনচার্জ, সকল থানা, সাতক্ষীরা
- ২৬) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা
- ২৭) কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সাতক্ষীরা জেলা কমান্ড, সাতক্ষীরা
- ২৮) পাবলিক প্রসিকিউটর, সাতক্ষীরা
- ২৯) সভাপতি, জেলা বার এসোসিয়েশন, সাতক্ষীরা

- ৩০) সভাপতি, সাতক্ষীরা প্রেসক্লাব, সাতক্ষীরা
৩১) সভাপতি, শিল্প ও বণিক সমিতি, সাতক্ষীরা



মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট